

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-২১৯-আইন/২০১৫/৭৩৮-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার বিগত ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১২১-আইন/২০১৫/৭২৭-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর-

(ক) ক্রমিক নং (১) এ উল্লিখিত “উনিশ টাকা” শব্দগুলির পরিবর্তে “আঠার টাকা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক নং (২) এ উল্লিখিত “বিশ টাকা হইতে উনচল্লিশ টাকা পর্যন্ত” শব্দগুলির পরিবর্তে “একুশ টাকা হইতে বিয়াল্লিশ টাকা পর্যন্ত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) ক্রমিক নং (৩) এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৩) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) চুয়াল্লিশ টাকা হইতে	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
উনসত্তর টাকা পর্যন্ত	২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান